

**AKASHVANI (AIR)**  
**RNU : KOLKATA**  
**Bengali Text Bulletin**

**Date 29-10-2025**

**Time: 7.50 P.M.**

**বিশেষ বিশেষ খবরঃ-**

- ১) এসআইআর নিয়ে তৃণমূল কংগ্রেস মানুষকে ভীত সন্ত্রস্ত করছে বলে বিজেপি অভিযোগ করেছে।
- ২) এসআইআর ঘোষণার পরই নির্বাচন কমিশনের তৎপরতা তুঙ্গে। শুরু হল আধিকারিকদের জন্য প্রশিক্ষণ।
- ৩) কুল সার্ভিস কমিশনের ২০১৬-র চাকরী বাতিল হওয়া চিহ্নিত অযোগ্যদের কোনো আবেদনই আর শোনা হবে না বলে সুপ্রিম কোর্ট স্পষ্ট জানিয়েছে।  
প্রাথমিকে ৩২ হাজার চাকরী বাতিল সংক্রান্ত মামলায় প্রাথমিক শিক্ষা পর্ষদ এবং রাজ্যের কাছে একাধিক প্রশ্নের উত্তর চেয়েছে কলকাতা হাইকোর্টের ডিভিশন বেঞ্চ।
- ৪) উচ্চ মাধ্যমিকের তৃতীয় সেমিস্টারের রেজাল্ট আগামী শুক্রবার প্রকাশিত হবে।
- ৫) জগন্নাথী পুজোর আজ অষ্টমী। বৃষ্টির ভ্রকুটি উপেক্ষা করেই নেমেছে দর্শণার্থীর ঢল।
- ৬) রাজ্যের প্রায় সব জেলাতেই আগামী কয়েকদিন বৃষ্টির সম্ভাবনা রয়েছে।

তৃণমূল কংগ্রেস এসআইআর নিয়ে মানুষকে ভীত সন্ত্রিষ্ট করছে বলে বিজেপি  
অভিযোগ করেছে। কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে দলের রাজ্য সভাপতি  
শমীক ভট্টাচার্য জানিয়েছেন, সাংবিধানিক সংস্থাকে কদর্য ভাষায় আক্রমণ করছে রাজ্যের  
শাসক দল। বিএলওদের ভয় দেখানোর পাশাপাশি নির্বাচন কমিশনের বিরুদ্ধে ধর্মান্ধি  
মানুষদের উক্ষানি দেওয়া হচ্ছে বলেও শমীক বাবু অভিযোগ করেন।

## বাইট

তিনি বলেন, ডায়মন্ড হারবার ও জয়নগর কেন্দ্রকে পরিকল্পিতভাবে মুসলিম  
সংখ্যাগরিষ্ঠ করে তোলার চেষ্টা চলছে।

রাজ্য SIR এর সঙ্গে যুক্ত অনেক ব্লক লেভেল অফিসার BLO-ই শাসকদলের সঙ্গে  
সরাসরি জড়িত বলে বিধানসভার বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী অভিযোগ  
করেছেন। বিষয়টিতে নির্বাচন কমিশনের হস্তক্ষেপেরও দাবি  
জানিয়েছেন তিনি। আজ সামাজিক মাধ্যমে একটি পোস্টে শুভেন্দু বাবু হরিণঘাটার দিব্যেন্দু  
সর্দার নামে এক BLO-র কথা উল্লেখ করেছেন। ওই ব্যক্তি হরিণঘাটা ১ নম্বরের  
তৃণমূলের পঞ্চায়েত সদস্য বলে দাবি বিরোধী দলনেতার। এদিন দক্ষিণ ২৪ পরগণার

আমতলায় জগন্নাত্রী পুজোর অনুষ্ঠানে যোগ দিয়ে তিনি BLO দের রাজনৈতিকভাবে  
প্রভাবিত না হওয়ারও আহ্বান জানান।

## বাইট

এনআরসি এবং এসআইআর এর ভয়ে রাজ্য মৃত্যুর ঘটনার যে প্রচার হচ্ছে তা  
মিথ্যা ও সাজানো বলেও মন্তব্য করেছেন শুভেন্দু বাবু। আজ বিরাটিতে জগন্নাত্রী পুজোর  
উদ্বোধন করে তিনি বলেন, এসআইআর এর সমর্থনে পানিহাটিতে আগামী চৌষ্ঠা নভেম্বর  
পদযাত্রা করা হবে।

---

নির্বাচন কমিশন এত কম সময়ে তাড়াছড়ো করে SIR, করার সিদ্ধান্ত নিল কেন তা  
নিয়ে প্রশ্ন তুলেছেন প্রদেশ কংগ্রেস সভাপতি শুভক্ষর সরকার। কলকাতায় বিধান ভবনে  
আজ এক সাংবাদিক বৈঠকে শুভক্ষর বাবু বলেন, এত কম সময়ের মধ্যে ত্রুটিমুক্ত  
ভোটার তালিকা তৈরি করা বাস্তবে সম্ভব নয়। বিহারেও SIR ত্রুটিপূর্ণ হয়েছে বলে দাবি  
করেন শুভক্ষর বাবু। নানা কারণে এসআইআর ঘোষণার ফলে ভোটাধিকার থাকবে কিনা  
তা নিয়েও অনেকের মধ্যে দুশ্চিন্তা, আতঙ্ক তৈরি হয়েছে। আতঙ্কে কেউ আত্মাত্বা হলে  
তার দায় কমিশন এড়াতে পারে না বলে মন্তব্য করেন শুভক্ষরবাবু। SIR বিষয়ে মানুষকে  
সহায়তা করার জন্য চৌষ্ঠা নভেম্বর দলের পক্ষ থেকে বিভিন্ন জায়গায় সহায়তা কেন্দ্র  
চালু করা হবে বলেও শুভক্ষর বাবু জানিয়েছেন।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি প্রত্যেকের গনতান্ত্রিক অধিকার সুরক্ষিত রাখার পক্ষে  
সওয়াল করেছেন। আজ কলকাতার পোস্তা বাজারে জগদ্বাত্রী পুজোর উদ্বোধন করে তিনি  
বলেন, বিভাজনের বদলে সকলে যাতে নিজ নিজ অধিকার প্রয়োগ করতে পারে, সে  
দিকে নজর রাখা জরুরি। মুখ্যমন্ত্রী আজ কলকাতা থেকে ভার্চুয়ালি দার্জিলিং এ সরস  
মেলার উদ্বোধন করেন।

বাম দলগুলি রাজ্যে পরিচ্ছন্নভাবে এসআইআর-এর দাবি জানিয়েছে।  
বামফ্রন্টের চেয়ারম্যান বিমান বসুর নেতৃত্বে ১০ টি দলের প্রতিনিধি আজ রাজ্যের মুখ্য  
নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগারওয়ালের সঙ্গে দেখা করেন। বিমান বাবু  
বলেন, এসআইআর নিয়ে বিজেপি এবং এরাজ্য ক্ষমতাসীন তৃণমূল কংগ্রেসের মধ্যে  
যেভাবে চাপান উত্তোর চলছে, তা কাম্য নয়। অযথা বিষয়টি নিয়ে আতঙ্ক ছড়ানোর চেষ্টা  
হচ্ছে বলে তিনি মন্তব্য করেন।

বাইট

এসআইআর ঘোষণার পরই নির্বাচন কমিশনের তৎপরতা তুঙ্গে। ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনী প্রক্রিয়া নিয়ে ওই কাজের সঙ্গে সংশ্লিষ্ট আধিকারিকদের জন্য আজ রাজ্যজুড়ে প্রশিক্ষণ শিবিরের আয়োজন করে নির্বাচন কমিশন। দুপুর সাড়ে তিনটের ভিডিও কনফারেন্সের মাধ্যমে এই প্রশিক্ষণ কর্মসূচি সূচনা করেন পশ্চিমবঙ্গের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল। উপস্থিত রয়েছেন কমিশনের অন্যান্য উচ্চপদস্থ আধিকারিকরাও। এই ভার্চুয়াল প্রশিক্ষণে অংশ নিয়েছেন রাজ্যের সমস্ত জেলাশাসক তথা জেলা নির্বাচনী আধিকারিক (DEO), ইলেকটোরাল রেজিস্ট্রেশন অফিসার ERO, AERO এবং স্টেট লেভেল মাস্টার ট্রেনার (SLMT)-রা। বিশেষ নিবিড় সংশোধনী প্রক্রিয়ার প্রতিটি ধাপ, তথ্য সংগ্রহ, ফর্ম যাচাই, ওয়েব পোর্টালের ব্যবহার এবং ডেটা আপডেট সংক্রান্ত যাবতীয় প্রযুক্তিগত দিক নিয়ে বিস্তারিত প্রশিক্ষণ দেওয়া হচ্ছে এই বৈঠকে।

---

এস আই আর পর্বে প্রত্যেক ভোটারের নামে আলাদা এনিউমারেশন ফর্ম বরাদ্দ করা হবে। নির্বাচন কমিশন জানিয়েছে এই ফর্ম ফিল আপ সব ভোটারের ক্ষেত্রে বাধ্যতামূলক। গতকাল থেকেই সাড়ে সাত কোটির বেশি ফর্ম ছাপানোর কাজ শুরু হয়েছে। ৪ নভেম্বর থেকে বুথ লেভেল অফিসার বা বিএলওরা ওই ফর্ম ভোটারদের বাড়ি বাড়ি সরবরাহ করবেন। তাতে সংশ্লিষ্ট ভোটারের নাম, পার্ট

নম্বর, বিধানসভা ও লোকসভা কেন্দ্রের তথ্য আগে থেকেই ছাপানো থাকবে। ফর্মে  
ভোটারদের জন্ম তারিখ, নিজের নাম, বাবা-মায়ের নাম এবং সাম্প্রতিক ছবি দিতে হবে।  
রাজ্য শেষ এসআইআরের বছর অর্থাৎ ২০০২ সালের ভোটার তালিকায় যেসব  
ভোটারের নাম রয়েছে, তাঁদের কোনও নথি লাগবে না। ফর্ম পূরণ করতে গিয়ে  
অসুবিধায় পড়লে সংশ্লিষ্ট ভোটারদের সাহায্য করতে বাধ্য থাকবেন বিএলওরা।

---

জিএসটি টু পয়েন্ট জিরো রিফর্ম সাধারণ মানুষের জীবনে বরদান বলে কেন্দ্রীয়  
প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার মন্তব্য করেছেন। আজ কলকাতায় জিএসটি সংস্কার বিষয়ক  
এক আলোচনা সভায় শ্রী মজুমদার বলেন, জিএসটি সংস্কার কেন্দ্রের মানবিক  
নীতিগুলির প্রতিফলন, যা অর্থনৈতিক সমৃদ্ধি এবং উন্নয়নের চালিকাশক্তি হয়ে উঠেছে।

### বাইট সুকান্ত

---

সুপ্রিম কোর্টের নির্দেশমতো রাজ্যের ছয় বিশ্ববিদ্যালয় উপাচার্য নিয়োগে সীলমোহর  
দিলেন রাজ্যপাল সিভি আনন্দ বোস। রাজভবনের পক্ষ থেকে প্রকাশিত বিজ্ঞপ্তিতে  
জানানো হয়েছে, রাজ্যপাল আবু তালেব খানকে বিশ্ব বাংলা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য  
হিসেবে নিযুক্ত করেছেন। চন্দ্রদীপা ঘোষ ঝাড়গ্রামের সাধু রামচন্দ্র মুর্ম বিশ্ববিদ্যালয়  
উপাচার্য পদে নিয়োগ পেয়েছেন। আশিস ভট্টাচার্য গৌর বঙ্গ বিশ্ববিদ্যালয়ের নতুন

উপাচার্য হচ্ছেন। আশুতোষ ঘোষ দায়িত্ব নিচ্ছেন কলকাতা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য হিসেবে। উদয় বন্দ্যোপাধ্যায় কাজী নজরুল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য হিসেবে নিযুক্ত হয়েছেন। এছাড়া প্রফেসর চিরঞ্জিৱ ভট্টাচার্য যাদবপুর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য পদে নিযুক্ত হয়েছেন।

রাজভবনের তরফে জানানো হয়েছে, এই নিয়োগগুলি বিশ্ববিদ্যালয় পরিচালনার স্বচ্ছতা ও প্রশাসনিক ধারাবাহিকতা বজায় রাখার স্বার্থে করা হয়েছে। রাজ্যের উচ্চশিক্ষা পরিমণ্ডলে নতুন নেতৃত্বের হাত ধরে গতি আসবে বলে আশা করা প্রকাশ করা হয়েছে।

---

স্কুল সার্ভিস কমিশনের ২০১৬-র চাকরী বাতিল হওয়া চিহ্নিত অযোগ্যদের কোনো আবেদনই আর শোনা হবে না বলে সুপ্রিম কোর্ট স্পষ্ট জানিয়েছে। শীর্ষ আদালতের বিচারপতি সঞ্জয় কুমার এবং বিচারপতি এন ভি আঞ্জারিয়ার বেঁকে বেশ কয়েকটি আর্জি নিয়ে অযোগ্যদের তরফে মামলা দায়ের করা হয়েছিল। বিচারপতিরা বলেন, অযোগ্যদের তালিকা দিয়েছে সিবিআই। এতে আদালতের কিছুই করার নেই। কোনোরকম আপত্তি থাকলে তা স্কুল সার্ভিস কমিশনের নিয়োগ পরীক্ষার ফলাফল বেরনোর পরই জানানো যাবে বলেও শীর্ষ আদালত স্পষ্ট করে দিয়েছে। আগামী ২৪ শে নভেম্বর এই মামলার পরবর্তী শুনানি।

প্রাথমিকে ৩২ হাজার চাকরী বাতিল সংক্রান্ত মামলায় প্রাথমিক শিক্ষা পর্ষদ এবং  
রাজ্যের কাছে একাধিক প্রশ্নের উত্তর চেয়েছে কলকাতা হাইকোর্টের ডিভিশন বেঞ্চ।  
বিচারপতি তপৰত চক্ৰবৰ্তী ও বিচারপতি খুতৰত মিশ্রের ডিভিশন বেঞ্চে এদিন শুনানি  
চলে। দুই বিচারপতি বলেন, দুর্বীল এবং অনিয়মের অভিযোগ ছাড়াও নিয়োগ বিজ্ঞপ্তিতে  
কেন্দ্ৰীয় মানব সম্পদ উন্নয়ন মন্ত্রকের ছাড়পত্ৰ ছিলনা। ঐ পরীক্ষার মাধ্যমে  
প্রশিক্ষণহীনদের নিয়োগ পত্ৰ দেওয়া হল কেন, এই প্রশ্নটি তুলেছে আদালত।

এদিকে স্কুল সার্ভিস কমিশনের নিয়োগ পরীক্ষায় শূন্য পদের সংখ্যা বাড়ানোৱ  
দাবিতে আজ বিকাশ ভবন অভিযানের ডাক দিয়েছিলেন এবারের নতুন পরীক্ষার্থীৱ।  
তাঁদের অভিযোগ, এবারের পরীক্ষায় নতুন পরীক্ষার্থীৱা বৰ্ধিত হচ্ছেন। চাকৰিহারা  
প্রার্থীদের বাড়তি ১০ নম্বৰ, ইন্টারভিউয়ের পৰে দেওয়াৱ দাবি জানিয়েছেন নতুন  
পরীক্ষার্থীৱ। এৱ পাশাপাশি, নতুন পরীক্ষার্থীৱাও যাতে আৱো সুযোগ পান, তাৱ জন্য  
শূন্যপদেৱ সংখ্যা বাড়ানোৱ তাঁৱা দাবি জানিয়েছেন। আজ কৱণাময়ী থেকে জমায়েত  
কৱে তাঁৱা মিছিল শুৱ কৱেন। তবে পুলিশ বাধা দেওয়াৱ রাস্তায় বসে তাঁৱা বিক্ষোভ  
দেখান।

উচ্চমাধ্যমিকের তৃতীয় সেমিস্টারের ফল প্রকাশ হবে আগামী ৩১ তারিখ শুক্রবার।

ওইদিন বেলা সাড়ে বারোটায় সাংবাদিক বৈঠক করে আনুষ্ঠানিকভাবে ফল ঘোষণা করবেন উচ্চমাধ্যমিক শিক্ষা সংসদের সভাপতি চিরঙ্গীব ভট্টাচার্য। দুপুর দুটো থেকে অনলাইনে রেজাল্ট জানতে পারবেন পরীক্ষার্থীরা। উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদ আজ এক বিজ্ঞপ্তিতে জানিয়েছে, [result.wb.gov.in](http://result.wb.gov.in) এবং [www.results.shiksha](http://www.results.shiksha) ওয়েবসাইটে ফলাফল জানা যাবে। স্কুল কর্তৃপক্ষ রেজাল্টের স্টেটমেন্ট ডাউনলোড করে পরীক্ষার্থীদের দিতে পারবে।

---

জগন্নাত্রী পুজোর আজ অষ্টমী। পুজো উদযাপন ঘিরে মেতে উঠেছেন রাজ্যের বিভিন্ন প্রান্তের মানুষ। জগন্নাত্রী পুজোর জন্য বিখ্যাত হগলীর চন্দননগর ও সংলগ্ন মানকুণ্ড, ভদ্রেশ্বরে বৃষ্টির ভূকুটি উপেক্ষা করেই নেমেছে দর্শনার্থীদের ঢল।

এদিকে, নদীয়ার কৃষ্ণনগরে আগামীকাল থেকে শুরু হওয়া জগন্নাত্রী পুজো উপলক্ষ্যে প্রস্তুতি শেষ পর্যায়ে। ইতোমধ্যেই পুজোর গাইড ম্যাপ প্রকাশ করেছে পুলিশ। ঘোষণা করা হয়েছে বিশেষ পুরস্কারের।

আগামীকাল থেকেই হগলীর রিষড়াতেও শুরু হচ্ছে জগন্নাত্রীর উৎসব।

---

অন্ধ উপকূল এবং তেলেঙ্গানার ওপর অবস্থানরত অতি গভীর নিম্নচাপটি গভীর নিম্নচাপের আকার নিয়ে তেলেঙ্গানা এবং দক্ষিণ ঝাড়খন্ডের ওপর অবস্থান করবে। এর প্রভাবে আগামীকালও দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় বৃষ্টির পূর্বাভাস রয়েছে।

উত্তরবঙ্গের জেলাগুলিতে আগামীকাল থেকে বৃষ্টির পরিমাণ বাঢ়বে বলে আবহাওয়া দণ্ডের পূর্বাঞ্চলীয় প্রধান ডষ্ট্রি হাবিবুর রহমান বিশ্বাস জানিয়েছেন।

বাইট হাবিবুর

---